

Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 08 May, 2025

সাভার পৌরসভার ৭ নং ওয়ার্ডের মজিদপুর কাঠালবাগান এলাকায় আব্দুল কাদের এর বাড়ির ৫ম তলায় হত্যার ঘটনা ঘটে গেলো রাত ভোর ৪ ঘটিকার সময়।

নাটোরের সিংড়া থানার ভগা গ্রামের মৃত আব্দুর রশিদের ছেলে আব্দুর সাত্তার (৫৬) কে কুপিয়ে হত্যা করে তার মেয়ে জান্নাত জাহান শিফা (২৩)।

আব্দুল কাদেরের বাড়ির কেয়ারটেকার রহিজ উদ্দিন বলেন, গত ৫ মাস আগে বাবা ও মেয়ে বাসা ভাড়া নিয়ে বসবাস শুরু করেন।

জাতীয় জরুরী সেবা ৯৯৯ কল করে নিহতের মেয়ে জানান, আমি আমার পিতাকে হত্যা করেছি আমাকে ধরে নিয়ে যান।

সাভার মডেল থানার ডিউটি অফিসার আব্দুর রশিদ জানান, ভোর রাত ৪ ঘটিকার ৯৯৯ কল করে এক মেয়ে জানান, তার পিতাকে তিনি কুপিয়ে হত্যা করেছে। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে নিহত আব্দুর সাত্তারের লাশ উদ্ধার করে এবং মেয়েকে আটক করে।

পুলিশ ও ঘাতক মেয়ে জানান, গত ২০২২ সনে সিংড়া থানায় পিতার বিরুদ্ধে ধর্ষণের মামলা করে ছিলো মেয়ে জান্নাত। সেই মামলায় নিহত পিতা দীর্ঘ দিন জেলখাতে বের হয়ে মেয়ের সাথে আবার বসবাস শুরু করে সাভারে। সেই মামলার সূত্র ধরেই পিতার সাথে মেয়ে জান্নাতের বনিবনা হচ্ছিল না। ঘাতক জান্নাত বলেন, গতকাল রাতে ভাতের সাথে ২০ টি ঘুমের ঔষধ মিশিয়ে রাতে পিতাকে ভাত দেয়। নিহত আব্দুর সাত্তার ঘুমিয়ে পড়লে ভোর ৪ ঘটিকার সময় মেয়ে জান্নাত ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে।

সাভার মডেল থানার উপপরিদর্শক ইমরান হোসেন বলেন, ৯৯৯ কল পেয়ে লাশ উদ্ধার করা হয়েছে এবং নিহতের মেয়ে জান্নাত কে আটক করা হয়েছে। এ ঘটনায় সাভার মডেল থানায় একটি হত্যা মামলা দায়ের এর প্রস্তুতি চলছে।

হত্যা পুলিশ